# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০৮৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ উল্লেখিত জিনিসগুলো রান্না করে খেয়ে জামা'আতে উপস্থিত হওয়াতে কোন দোষ নেই মর্মে বর্ণনা

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ آكِلَ هَذِهِ الْأَشْيَاءِ إِذَا كَانَتْ مَطْبُوخَةً لَا حَرَجَ عَلَيْهِ فِي إِتْيَانِ الْجَمَاعَةِ وَإِنْ أَكَلَهَا

---

আরবী

2089 ـ أَخْبَرَنَا ابْنُ سَلْمٍ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى قَالَ: حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ: أَخْبَرَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ عَنْ بَكْرِ بْنِ سَوَادَةَ أَنَّ سُفْيَانَ بْنَ وَهْبٍ حَدَّثَهُ: عَنْ أَبِي أَيُّوبَ الْأَنْصَارِيِّ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَرْسَلَ إِلَيْهِ بِطَعَامٍ مَعَ خُضَرٍ فِيهِ بَصَلٌ أَوْ كُرَّاثٌ فَلَمْ يَرَ فِيهِ أَثَرَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَأَبَى أَنْ يَأْكُلَهُ فَقَالَ لَهُ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَا مَنَعَكَ أَنْ تَأْكُلَ)؟ قَالَ: لَمْ أَرَ أَثَرَكَ فِيهِ يَا رَسُولَ اللَّهِ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ:
(أَسْتَحْيِي مِنْ مَلَائِكَةِ اللَّهِ وَلَيْسَ بِمُحَرَّمٍ)
الراوي : أَبُو أَيُّوبَ الْأَنْصَارِيِّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2089 | خلاصة حكم المحدث: صحيح ـ ((التعليق على ((صحيح ابن خزيمة)))) (3/ 85/1670)

বাংলা

২০৮৯. আবূ আইয়ূব রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সবজিসহ কিছু খাবার তার কাছে ফেরত পাঠান, যাতে পেঁয়াজ বা পলাণ্ডু ছিল। আবূ আইয়ূব রাদ্বিয়াল্লাহু আনহু সেই খাবার যে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম খেয়েছেন, সেরকম কোন চিহ্ন দেখতে পেলেন না, ফলে তিনিও তা খেতে অস্বীকৃতি জানালেন। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে বললেন, "কোন জিনিস তোমাকে এটা খেতে বারণ করলো?" জবাবে তিনি বলেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, এটাতে আমি আপনার খাওয়ার কোন চিহ্ন দেখতে পাইনি!" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "আমি

(এটা খেয়ে) ফেরেস্তাদের সাথে (কথা) বলতে লজ্জাবোধ করি। তবে এটা হারাম নয়।”[1]

## ফুটনোট

[1] তাবারানী আল কাবীর: ৩৯; তাহাবী, শারহু মা‘আনিল আসার: ৪/২৩৯; সহীহ ইবনু খুযাইমাহ: ১৬৭০; মুসনাদ আহমাদ: ৫/৪১৫; সহীহ মুসলিম: ২০৫৩; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৮/৩০৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা‘লীক আলা সহীহ ইবনু খুযাইমাহ: ৩/৮৫/১৬৭০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ আইয়ুব আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91407

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন